

কারিগরি শিক্ষা,  
সমৃদ্ধ বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
www.techedu.gov.bd  
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর,  
ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব  
দেশ, শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.৬৩৩

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৬

১০ জুলাই ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব শহীদুল ইসলাম শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে হিসাব রক্ষক পদে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মকালীন হিসাব শাখার দায়িত্ব হস্তান্তর না করার অভিযোগ রয়েছে।

২। আপনি জনাব শহীদুল ইসলাম কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-টিএসসি/ভোক/জঃবঃপ্রঃ/১৯২৮/২০১০/অংশ-৩/২৩০(৮) তারিখ: ০৯/০৪/২০১৯ খ্রিঃ মোতাবেক আপনাকে পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হয়। উক্ত আদেশে ১৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখ অবমুক্তকরণ করে দায়িত্ব হস্তান্তরে নির্দেশনা প্রদান করলে আপনি অদ্যাবধি পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজের হিসাব শাখার দায়িত্ব হস্তান্তর করেননি। হিসাব শাখার দায়িত্ব হস্তান্তর না করায় প্রতিষ্ঠানের আর্থিক, একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

৩। আপনি জনাব শহীদুল ইসলাম সরকারি দায়িত্ব পালনে আপনার উদাসীনতা দেখা যায়। পূর্বেও আপনার এ ধরনের আচরণের কারণে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৫৩.১৭.৭৯৫ তারিখ: ২৭/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক বিভাগীয় মামলার আওতায় আপনাকে দন্ড প্রদান করা হয়েছে।

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

৪। এমতবস্থায়, কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষে মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



১১-৭-২০১৯

মোঃ আহিদুল ইসলাম  
পরিচালক

জনাব শহীদুল ইসলাম, হিসাব রক্ষক  
শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ,  
শরীয়তপুর।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.৬৩৩/১

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৬  
১০ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো  
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) অধ্যক্ষ, পঞ্চগড়/শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, পঞ্চগড়/শরীয়তপুর।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সংরক্ষণ নথি।



১১-৭-২০১৯

মোহাম্মদ সাজ্জাদ মুফতী  
সহকারী পরিচালক